# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩১

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

## الفصل الثانی

আরবী

رَوَاهُ التِّرْمِذِيُّ عَنْ مُعَاذِ بْنِ أَنَسٍ مَعَ تَقْدِيمٍ وَتَأْخِيرٍ وَفِيهِ: «فقد اسْتكْمل إِيمَانه»

বাংলা

৩১-[৩০] তিরমিযী এ হাদীসটি শব্দের কিছু আগ-পিছ করে মু’আয ইবনু আনাস (রাঃ) হতে বর্ণনা করেছেন এবং এতে বর্ণিত হয়েছে, ’সে তার ঈমান পরিপূর্ণ করে নিয়েছে’।[1]

## English

Chapter - Section 2

Tirmidhi transmitted it from Mu'adh b. Anas with a transposition of phrases, including “he will have perfected his faith.”

ফুটনোট

[1] হাসান : তিরমিযী ২৫২১, সহীহুত্ তারগীব ৩০২৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَقَدِ اسْتَكْمَلَ الْإِيْمَانَ) এ অংশটুকু তিরমিযীতে মু‘আয ইবনু আনাস (রাঃ) বর্ণিত হাদীসে বিদ্যমান। তবে ইমাম তিরমিযী ঐ অংশটুকু মুনকার বলে মন্তব্য করেছেন। এটাও বলা যেতে পারে যে, ইমাম তিরমিযী মুনকার দ্বারা গরীব উদ্দেশ্য করেছেন। কেননা এ অংশটুকু তার থেকে তার ছেলে সাহল বর্ণনা করেছেন। এ সূত্রে এটি গরীব। আর মুনকার শব্দটি দুই অর্থে আসে।

(১) দুর্বল রাবী কর্তৃক শক্তিশালী রাবীর বিপরীত বর্ণনা।

(২) যা শুধুমাত্র একজন দুর্বল রাবী বর্ণনা করেছেন। যদিও তা শক্তিশালী রাবীর বিপরীত নয়। আর এখানে মু‘আয (রাঃ) থেকে বর্ণনাকারী একমাত্র তার ছেলে সাহল। যাকে ইবনু মা‘ঈন য‘ঈফ বলেছেন। আর আবূ হাতিম আর্ রাযী বলেছেন, তার বর্ণনা দলীলযোগ্য নয়।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54589

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন